



৯ই জুলাই, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডে বহু শ্রমিকের হতাহতের ঘটনায় সুষ্ঠু তদন্ত, দায়ীদের বিচার ও ক্ষতিগ্রস্তদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ দাবী করছে ব্লাস্ট

করোনা ভাইরাস মহামারীতে সারা দেশে কঠোর লক ডাউন অবস্থায় নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনায় এ পর্যন্ত ৫২ জন শ্রমিক নিহত হয়েছেন বলে গণমাধ্যম সূত্র থেকে জানা গেছে।^১ অভিযোগ রয়েছে যে, কারখানার সিড়ি বন্ধ থাকায় নারী শ্রমিকসহ অনেকের লাফিয়ে পড়ে মৃত্যু হয়েছে। আমরা এই মর্মান্তিক হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবি করছি। পাশাপাশি আমরা নিহত ও আহত সহ ক্ষতিগ্রস্ত শ্রমিকের পর্যাপ্ত ক্ষতিপূরণ, আহতদের সুচিকিৎসার ব্যবস্থা সহ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন থেকে তাৎক্ষণিক আর্থিক সহায়তার দাবী জানাচ্ছি।

রাণা প্লাজা, তাজরীন এবং ট্যাম্পাকোর ভয়াবহ বিপর্যয়ের এ ধরনের ঘটনা আমাদের কাছে অনাকাঙ্ক্ষিত। শ্রমিকের নিরাপদ কর্মক্ষেত্র এবং শ্রমিকের নিরাপত্তা ও সুরক্ষা সকল কারখানায় নিশ্চিত করতে হবে। শ্রম আইনে নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণের জন্য যে অপরিাপ্ত অর্থের কথা উল্লেখ আছে তা অতি জরুরী পর্যালোচনা করে একটি সুনির্দিষ্ট মানদণ্ড নির্ণয়ের জন্য সংশোধন হওয়া প্রয়োজন।

২০১৩ রাণা প্লাজা ধ্বংসে যে নীতিমালার ভিত্তিতে ক্ষতিপূরণের বিষয়টি ধার্য করার প্রচেষ্টা নেয়া হয়েছে তা আমাদের আইন এবং চর্চায় অনুসরণ করা উচিত। পাশাপাশি এ ধরনের হত্যাকাণ্ডের তদন্ত প্রকাশ করা প্রয়োজন। এই লকডাউন অবস্থায় শ্রমিকের নিরাপদ কর্মক্ষেত্র ও সুরক্ষার প্রতি যেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ তদারকি করেন আমরা তার জোর দাবী জানাচ্ছি।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd

^১ <https://www.dhakatribune.com/bangladesh/nation/2021/07/09/narayanganj-factory-fire-rages-on-many-feared-dead>